যুগান্তর
প্রিন্ট: ০১ মার্চ ২০২৬, ০৬:৩৭ এএম

জাতীয়

# শিক্ষকদের ফেব্রুয়ারি মাসের বেতন কবে, জানাল মাউশি

Advertisement

আরও দেখুন শিক্ষা ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি এডুকেশন ইএমআইএস শিক্ষা যোগাযোগ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ইনফরমেশন সিস্টেম স্কুল সাপ্লাই

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬, ১২:২১ পিএম




বেসরকারি স্কুল-কলেজে কর্মরত শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি মাসের বেতনের প্রস্তাব তৈরি করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি)  জমা দিয়েছে সংস্থাটির এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস) সেল। তবে এ প্রস্তাব এখনো শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়নি।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) মাউশির একটি সূত্র গণমাধ্যমে জানিয়েছে, গতকাল বুধবার স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি মাসের বেতনের প্রস্তাব মাউশির অর্থ শাখায় পাঠানো হয়। আজ বৃহস্পতিবার এ প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো হবে। মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মার্চের ৫ তারিখ অথবা ৮ তারিখ শিক্ষক-কর্মচারীরা ফেব্রুয়ারি মাসের বেতন-ভাতা পেতে পারেন।

এ বিষয়ে জানতে চাইলে মাউশির পরিচালক (অর্থ ও ক্রয়) প্রফেসর মোহাম্মদ মনির হোসেন পাটওয়ারী গণমাধ্যমে বলেন, ‘আজ (বৃহস্পতিবার) শিক্ষক-কর্মচারীদের ফেব্রুয়ারি মাসের বেতনের প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো হবে। মন্ত্রণালয় যত দ্রুত প্রস্তাব অনুমোদন দেবে, তত দ্রুত শিক্ষক-কর্মচারীরা বেতনের টাকা পাবেন।’

জানা গেছে, প্রতি মাসে শিক্ষক-কর্মচারীদের বেতনের প্রস্তাব পাঠান প্রতিষ্ঠান প্রধান। অনলাইন বিল দাখিলের পর তা যাচাই-বাছাই শেষে অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় করে বেতনের অর্থ ছাড়ের ব্যবস্থা করা হয়। অর্থ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ব্যাংকে পাঠানো হয়।

উল্লেখ্য, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা নিয়মিত প্রদান নিশ্চিত করতে সরকার ডিজিটাল বিল দাখিল ও অনুমোদনের প্রক্রিয়া চালু করেছে। এর ফলে এখন বেতন-ভাতা প্রক্রিয়াকরণ আরও স্বচ্ছ হচ্ছে।